

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১৩, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪৬.০০.০০০০.০৬৪.৩২.১১৩.১৫/২৩০৮—যেহেতু, জনাব সুব্রত দাস, পিতা-মৃত সুকর্ণ দাস, সাং-দাসপাড়া, উপজেলা-কুলিয়ারচর, জেলা-কিশোরগঞ্জ, কুলিয়ারচর পৌরসভার ৩নং ওয়ার্ড কাউন্সিলর;

যেহেতু, জনাব সুব্রত দাস এবং অন্যান্য ২০ (বিশ) জনকে আসামী করে কুলিয়ারচর থানার মামলা নং-৬, তারিখ : ১৯-০২-২০১৬ খ্রিঃ দায়ের হয়েছে;

যেহেতু, বর্ণিত মামলার বিবরণ অনুযায়ী পূর্বশক্তির জের হিসাবে ১৮-০২-২০১৬ তারিখে কুলিয়ারচর দাসপাড়া থামের জনাব মৃনাল কান্তি দাস সানিকে জনাব সুব্রত দাসের নির্দেশে হত্যার উদ্দেশ্যে জনাব সুব্রত দাসসহ মামলার অন্যান্য আসামীগণ কর্তৃক ধারালো অন্ত্র দ্বারা কোপাইয়া আহত করার অভিযোগ করা হয়েছে। হাসপাতালে চিকিৎসাধীন থাকা অবস্থায় ১৮-০২-২০১৬ তারিখে জনাব মৃনাল কান্তি দাস সানি মৃত্যুবরণ করেন;

যেহেতু, দায়েরকৃত বর্ণিত মামলার তদন্ত শেষে জনাব সুব্রত দাস এবং অন্যান্য ২০ (বিশ) জন আসামীর বিরুদ্ধে অভিযোগপত্র বিজ্ঞ আদালতে দাখিল করা হলে জি, আর মামলা নং-১১৬(২)১৬, ধারা-৩৪১/৩০২/১১৪/৩৪ পেনাল কোড এ দাখিলকৃত অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

(১৭৮৪১)

মূল্য ৪ টাকা ৪.০০

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১) মোতাবেক যেক্ষেত্রে কোন পৌরসভার মেয়র অথবা কোন কাউন্সিলর অপসারণের কার্যক্রম আরম্ভ করা হইয়াছে অথবা তাহার বিবরে ফৌজদারী মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হইয়াছে, সেই ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র অথবা কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থি অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হইলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে মেয়র অথবা কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে; এবং

যেহেতু, বর্ণিত হত্যা মামলায় অভিযুক্ত আসামী জনাব সুব্রত দাস কর্তৃক ওয়ার্ড কাউন্সিলর হিসাবে দায়িত্ব পালন করা হলে পৌরসভায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারী এবং পৌরসভার সেবা গ্রহণকারী সাধারণ নাগরিকদের মধ্যে আতঙ্ক ও ভীতির সঞ্চার হতে পারে। এ প্রেক্ষিতে তাঁর কর্তৃক কাউন্সিলরের ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থি এবং জনপ্রতিনিধি হিসেবে জনসেবায় নিয়োজিত থাকা প্রশাসনিক দৃষ্টিকোণ থেকে সমীচীন নয় মর্মে প্রতীয়মান হয়েছে বিধায় তাঁকে কাউন্সিলরের পদ থেকে সাময়িক বরখাস্ত করা প্রয়োজন;

সেহেতু, কিশোরগঞ্জ জেলার কুলিয়ারচর পৌরসভার ৩নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব সুব্রত দাসকে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, কে, এম আনিতুজ্জামান
সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd